# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ৩. ৫. ‘দেওয়ালে পেশাব করে’

পুরুষ বুঝাতে বাইবেলের একটা পরিচিত পরিভাষা: (that pisseth against the wall/ who urinates on a wall) ‘যে দেয়ালে হিস্যু করে’ বা ‘দেয়ালের উপর পেশাব করে’। মূল হিব্রু ভাষার অনুসরণে কিং জেমস ভার্শনে ‘দেয়ালে হিস্যু/ পেশাব করে’ লেখা হয়েছে। তবে আধুনিক অনেক সংস্করণে এবং বিভিন্ন ভাষায় অনুবাদে এ অশালীনতা গোপন করার জন্য অধিকতর শোভন শব্দ ব্যবহার করা হয়েছে।

১ শমূয়েল ২৫/২২ কিং জেমস ভার্শনে নিম্নরূপ: “So and more also do God unto the enemies of David, if I leave of all that pertain to him by the morning light any that pisseth against the wall: “যদি আমি তাদের সাথে সম্পর্কিত দেয়ালে পেশাব করা একজনকেও রাত্রি প্রভাত পর্যন্ত অবশিষ্ট রাখি তবে ঈশ্বর দাউদের শত্রুদের প্রতি অমুক ও ততোধিক দ- দিন।” তবে বাংলা অনুবাদগুলোতে এখানে ‘দেয়ালে পেশাব করে’ বাক্যাংশটার পরিবর্তে ‘পুরুষ’ শব্দ ব্যবহার করা হয়েছে।

পাঠক নিম্নের শ্লোকগুলো কিং জেমস ভার্শনের সাথে মিলিয়ে দেখতে পারেন: ১ শমূয়েল ২৫/৩৪; ১ রাজাবলি ১৪/১০; ১৬/১০-১১; ২১/২১; ২ রাজাবলি ৯/৮ ...। বিভিন্ন সংস্করণ ও অনুবাদে মূল শব্দগুলোর পরিবর্তে শালীন শব্দ ব্যবহার করা থেকে প্রমাণ হয় যে, বাইবেল প্রচারকরাও বাইবেলীয় এ ভাষা অশালীন বলে গণ্য করেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14511

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন